

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৬০৬ ২৪/ বিবাহ ও দাম্পত্য পরিচ্ছেদঃ স্ত্রীর উপর স্বামীর অধিকার

## আরবী

عَنْ عَبْدِ اللهِ بْنِ عَمْرٍ و أَنَّ نَبِيَّ اللهِ عَلَيْ قَالَ لَا يَنْظُرُ اللهُ إِلَى امْرَأَةٍ لَا تَشْكُرُ لِزَوْجِهَا وَهِيَ لَا تَسْتَغْنِي عَنْهُ

## বাংলা

(২৬০৬) আব্দুল্লাহ বিন আমর (রাঃ) কর্তৃক বর্ণিত, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আল্লাহ তাবারাকা অতাআলা সেই মহিলার প্রতি চেয়েও দেখবেন না, যে তার স্বামীর কৃতজ্ঞতা আদায় করে না; অথচ সে তার মুখাপেক্ষিণী। (নাসাঈ কুবরা ৯১৩৫, ত্বাবারানী, বাযযার ২৩৪৯, হাকেম ২৭৭১, বাইহাকী ১৪৪৯৭, সিলসিলাহ সহীহাহ ২৮৯)

## ফুটনোট

[কথায় বলে, 'মেয়ে লোকের এমনি স্বভাব, হাজার দিলেও যায় না অভাব।' স্বামীর কৃত্য্বতা করা স্ত্রীর এক সহজাত অভ্যাস। হাজার করলেও অন্যের স্বামী তার নজরে ভালো হয়। স্বামীর কৃত্য্বতা (নাশুকরি) করা, তার অনুগ্রহ ও এহসান ভুলা, তার বিরুদ্ধে খামোখা নানান অভিযোগ তোলা, তাকে লানত করা এবং সে 'হিরো' হলেও তাকে 'জিরো' ভাবা ইত্যাদি কারণেই নারী জাতির অধিকাংশই জাহায়ামী হবে। (বুখারী ২৯, ৪৩১ প্রভৃতি , মুসলিম প্রমুখ)]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন